

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নূন্যতম সংখ্যার উপর ভিত্তি করে যে ব্যক্তি সালাতকে পূর্ণতা দান করেছে, তার জন্য জরুরী হলো যখন সে সন্দেহ পোষন করবে, তখন সে সালাতের (সালামের) আগে দুটো সাহু সাজদা দিবে; পরে নয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْبَانِيَ عَلَى الْأَقَلِّ إِذَا شَكَّ فِي صَلَاتِهِ عَلَيْهِ أَنْ يَسْجُدَ سَجْدَتَيِ السَّهُوِ قَبْلَ الصَّلَاة لَا بَعْدُ

## আরবী

2657 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ مُصْعَبِ قَالَ: حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدِ الْكِنْدِيُّ قَالَ: حَدَّتَنَا أَبُو خَالِدِ الْأَحْمَرُ عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ قَالَ: قَالَ رَسُولُ الله صلى الله عليه وسلم: (إذا شَكَّ أَحَدُكُمْ فِي مَلَاتِهِ فَلْيُلْقِ الشَّكَّ وَلْيَبْنِ عَلَى الْيَقِينِ فَإِنِ اسْتَيْقَنَ التَّمَامَ سَجَدَ سَجْدَتَيْنِ فَإِنْ كَانَتْ صَلَاتِهِ فَلْيُلْقِ الشَّكَّ وَلْيَبْنِ عَلَى الْيَقِينِ فَإِنِ اسْتَيْقَنَ التَّمَامَ سَجَدَ سَجْدَتَيْنِ فَإِنْ كَانَتْ مَامَا صَلَلْتُهُ تَامَّةً كَانَتِ الرَّكْعَةُ نَافِلَةً وَالسَّجْدَتَانِ نَافِلَةً وَإِنْ كَانَتْ نَاقِصَةً كَانَتِ الرَّكْعَةُ تماما بصلاته والسجدتان ترغمان أنف الشيطان بصلاته والسجدتان ترغمان أنف الشيطان الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 7605 اخلاصة حكم المحدث: حسن صحيح - ((صحيح أبي داود)) (939).

## বাংলা

২৬৫৭. আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ তার সালাতে সন্দেহ পোষন করবে, তখন সে সন্দেহকে দূরীভূত করে এবং নিশ্চিতের উপর সালাতকে প্রতিষ্ঠিত করে। যদি সে সালাত পরিপূর্ণ হওয়ার ব্যাপারে নিশ্চিত হয়, তবে সে দুটো সাহু সাজদা করবে। যদি আদতে সালাত পরিপূর্ণ হয়ে থাকে, তবে অতিরিক্ত রাকা'আতটি নফল আর সাজদা দুটিও নফল হিসেবে গণ্য হবে আর যদি কম হয়ে থাকে, তবে ঐ রাকা'আতটি তার সালাতের পূর্ণতা দানকারী আর সাজদা দুটি শয়তানের নাককে ধূলিমলিন (অবমাননা) করবে।"[1]



## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১০২৩; আবূ দাউদ: ১০২৪; ইবনু মাজাহ: ১২১০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৫; নাসাঈ: ৩/২৭; তাহাবী: ১/৪৩৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯৩৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন